# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৯৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ইবাদতের জন্য হায়াত ও দৌলতের আকাঙ্ক্ষা করা

اَلْفصْلُ الثَّالِثُ (بَابُ اسْتِحْبَابِ الْمَالِ وَالْعُمُرِ لِلطَّاعَةِ)

আরবী

وَعَنْ مُحَمَّدِ بْنِ أَبِي عَمِيرَةَ وَكَانَ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ عَبْدًا لَوْ خَرَّ عَلَى وَجْهِهِ مِنْ يَوْمَ وُلِدَ إِلَى أَنْ يَمُوتَ هَرَمًا فِي طَاعَةِ اللَّهِ لَحَقَّرَهُ فِي ذَلِكَ الْيَوْمِ وَلَوَدَّ أَنَّهُ رُدَّ إِلَى الدُّنْيَا كَيْمَا يَزْدَادَ من الْأجر والثَّواب رَوَاهُمَا أَحْمد

اسناده صحیح ، رواه احمد (4 / 185 ح 17800) ۔
(صَحِيح)

বাংলা

৫২৯৪-[১১] মুহাম্মাদ ইবনু আবূ ’আমীরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ (সা.) -এর সাহাবীদের অন্তর্ভুক্ত ছিলেন, তিনি বলেছেন: যে বান্দা জন্মদিন হতে আল্লাহর আনুগত্যে ও বন্দেগীতে নতশির থেকে বৃদ্ধ বয়সে মৃত্যুবরণ করে, সে কিয়ামতের দিন তার কৃত ’ইবাদত বন্দেগীকে খুবই নগণ্য মনে করবে এবং এ আকাঙ্ক্ষা পোষণ করবে যদি তাকে পুনরায় দুনিয়াতে ফেরত পাঠানো হয় তবে সে প্রতিদান ও সাওয়াবকে আরো বৃদ্ধি করতে সক্ষম হত। (আহমাদ)

ফুটনোট

সহীহ মুসনাদে আহমাদ ১৭৬৮৭, সিলসিলাতুস্ সহীহাহ্ ৪৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (خَرَّ)পতিত হওয়া, মাথা অবনমিত করা, (هَرَمً) অতিবৃদ্ধ, (حَقَّرَهٗ)তাকে তুচ্ছ মনে করবে। অর্থাৎ সারা

জীবনের ‘আমাকে তার নিকট খুবই নগণ্য বলে মনে হবে।

(لَوَدَّ) অবশ্যই কামনা করবে, ভালো মনে করবে। (كَيْمَا يَزْدَادَ) অর্থাৎ যাতে সে প্রতিশ্রুতি অনুযায়ী ‘আমলের প্রতিদান আরো বাড়িয়ে নিতে পারে। অধিক মর্যাদার অধিকারী হওয়ার জন্য। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু আবূ আমীরাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85273

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন